

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন ২০ মে, ১৯৬৮ তারিখে ঢাকায় জন্ম গ্রহণ করেন। তিনি ঢাকা কলেজ থেকে উচ্চ মাধ্যমিক সম্পন্ন করে ১৫ জুলাই, ১৯৮৬ তারিখে বাংলাদেশ মিলিটারী একাডেমীতে ১৮তম দীর্ঘ মেয়াদী কোর্সে যোগদান করেন এবং ২৪ জুন, ১৯৮৮ তারিখে বাংলাদেশ সেনাবাহিনীর পদাতিক কোরে কমিশন প্রাপ্ত হন। তিনি দেশে ও বিদেশে অসংখ্য প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণ করেন। তিনি ডিফেন্স সার্ভিসেস কমান্ড এন্ড স্টাফ কলেজের একজন গ্র্যাজুয়েট। ২০১৫ সালে ন্যাশনাল ডিফেন্স কলেজ, মিরপুর হতে ন্যাশনাল ডিফেন্স কোর্স (এনডিসি) সম্পন্ন করেন।

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন বাংলাদেশ সেনাবাহিনীর একটি প্রশিক্ষণ প্রতিষ্ঠানে গ্রেড-৩ এবং ডিভিশন সদর দপ্তর ও সেনাসদরে গ্রেড-২ স্টাফ অফিসার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবনে মহামান্য রাষ্ট্রপতির সহকারী সামরিক সচিব এবং জাতীয় নিরাপত্তা গোয়েন্দা অধিদপ্তরে পরিচালক হিসেবে দীর্ঘ সময় দায়িত্ব পালন করেন। তিনি একটি পদাতিক ব্যাটালিয়ন ও একটি পদাতিক ব্রিগেডের যথাক্রমে অধিনায়ক ও ব্রিগেড কমান্ডার এবং বর্ডার গার্ড বাংলাদেশ, বিজিবি এর রিজিয়ন কমান্ডার হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি সোমালিয়া ও ডেমোক্রেটিক রিপাবলিক অব কঙ্গোতে জাতীসংঘ শান্তিরক্ষা মিশনে অংশগ্রহণ করেন।

ব্রিগেডিয়ার জেনারেল মোঃ জাকির হোসেন সৌদি আরব, সংযুক্ত আরব আমিরাত, কুয়েত, কাতার, কেনিয়া, বুয়ান্ডা, যুক্তরাজ্য, জার্মানী, স্পেন, নেদারল্যান্ডস, বেলজিয়াম, ফ্রান্স, সুইজারল্যান্ড, তুরস্ক, মালয়েশিয়া, ইন্দোনেশিয়া, থাইল্যান্ড, কম্বোডিয়া, ভিয়েতনাম, সিঙ্গাপুর, দক্ষিণ কোরিয়া, নেপাল ও ভারত সফর করেন।

তঁার স্ত্রী বুশরা নজম একজন ব্যাংকার এবং তাঁদের দুই সন্তান বিশ্ববিদ্যালয়ে অধ্যয়নরত।

২৭ সেপ্টেম্বর, ২০২০ তারিখ হতে তিনি চেয়ারম্যান, বাংলাদেশ টেক্সটাইল মিলস্ করপোরেশন এর দায়িত্ব পালন করছেন।